

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬২৭

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

## আরবী

(حسن لغيره) وَعَنْ سهل بن سعد رضي اللَّهُ عَنْهُمَا قال جاء جبريل إلى النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال يا محمد عش ما شئت فإنك ميت واعمل ما شئت فإنك مجزي به وأحبب من شئت فإنك مفارقه واعلم أن شرف المؤمن قيام الليل وعزه استغناؤه عن الناس.

رواه الطبراني في الأوسط

## বাংলা

৬২৭. (হাসান লি গাইরিহী) সাহল বিন সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জিবরীল (আঃ) নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট আগমণ করে বললেনঃ "হে মুহাম্মাদ! (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যতদিন ইচ্ছা আপনি জীবন-যাপন করুন, অবশ্যই আপনি মৃত্যু বরণ করবেন। যা ইচ্ছা আমল করুন, আপনাকে তার প্রতিদান দেয়া হবে। যাকে ইচ্ছা ভালোবাসুন তাকে একদিন ছেড়ে যেতে হবে। জেনে রাখুন! মু'মিনের মর্যাদা হচ্ছে কিয়ামুল্লায়ল করার মধ্যে এবং সম্মান হচ্ছে মানুষের থেকে অমুখাপেক্ষী থাকাতে।"

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী [আওসাত গ্রন্থে] ২/২৫৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন